

কুমারঘাটে সমবায়ের সহনিয়ামক কার্যালয়ের উদ্বোধন
গ্রামীণ এলাকার অর্থনৈতিক বিকাশে সমবায়ের
গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে : সমবায়মন্ত্রী

গ্রামীণ এলাকার অর্থনৈতিক বিকাশে সমবায়ের গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে। সমবায়ের মাধ্যমে গ্রামীণ এলাকার গরীব অংশের মানুষ ও কৃষকদের স্বনির্ভর করে তুলতে সরকার উদ্যোগ নিয়েছে। কুমারঘাটে সমবায় দপ্তরের সহনিয়ামকের কার্যালয়ের উদ্বোধন হওয়ায় এই অঞ্চলের মানুষের দীর্ঘদিনের স্বপ্নপূরণ হলো। আজ কুমারঘাটে সমবায়মন্ত্রী শুক্লাচরণ নোয়াতিয়া সমবায় দপ্তরের সহনিয়ামক কার্যালয়ের উদ্বোধন করে একথা বলেন। উল্লেখ্য, এতদিন ধরে কৈলাসহর থেকে কুমারঘাট মহকুমার সমবায় দপ্তরের কাজ চলতো। আজ থেকে কুমারঘাটের প্রাইমারি মার্কেটিং কো-অপারেটিভ সোসাইটি লিমিটেডের দ্বিতল মার্কেট শেডের কয়েকটি কক্ষ নিয়ে এই কার্যালয়ের সূচনা হলো। অনুষ্ঠানে সমবায়মন্ত্রী বলেন, কুমারঘাট মহকুমার মানুষের সমস্যার কথা বিবেচনা করে সরকার এই সহনিয়ামকের কার্যালয় শুরু করেছে। রাজ্যে সমবায় আন্দোলনে কুমারঘাট প্রাইমারি মার্কেটিং কো-অপারেটিভ সোসাইটি লিমিটেডের এক উল্লেখযোগ্য ভূমিকা রয়েছে। তিনি আরও বলেন, রাজ্যের বর্তমান সরকার সমবায়ের মাধ্যমে গ্রামীণ অংশের মানুষের রোজগার বৃদ্ধির লক্ষ্যে গুরুত্ব দিয়েছে। এরফলে ল্যাম্পস ও প্যাক্সের ব্যবসা অনেকাংশে বৃদ্ধি পেয়েছে।

অনুষ্ঠানে প্রধান অতিথি বিধায়ক ভগবান চন্দ্র দাস বলেন, যে উদ্দেশ্যে ল্যাম্পস ও প্যাক্স গঠন করা হয়েছিল তা সফলভাবে বাস্তবায়িত হয়নি। রাজ্যের বর্তমান সরকার ক্ষমতায় আসার পর থেকে ল্যাম্পস ও প্যাক্সগুলি সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। এখন বোর্ড গঠন করা হয় নির্বাচনের মাধ্যমে। তিনি বলেন, বর্তমান রাজ্য সরকারের তৎপরতার কারণেই কুমারঘাট প্রাইমারি মার্কেটিং কো-অপারেটিভ সোসাইটি লিমিটেডের বিশাল দ্বিতল মার্কেট স্টল নির্মিত হয়েছে। আরও একটি মার্কেট স্টল নির্মাণের কাজ প্রায় শেষের পথে। স্টলগুলিতে বেকারদের কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হচ্ছে। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন উনকোটি জিলা পরিষদের সভাপতি অমলেন্দু দাস। স্বাগত বক্তব্য রাখেন সমবায় দপ্তরের যুগ্ম নিয়ামক শুভাশিস ভট্টাচার্য। সভাপতিত্ব করেন কুমারঘাট প্রাইমারি মার্কেটিং কো-অপারেটিভ সোসাইটি লিমিটেডের চেয়ারম্যান শিবেন্দু ঘোষ। উপস্থিত ছিলেন কুমারঘাট পুরপরিষদের চেয়ারপার্সন বিশ্বজিৎ দাস, কুমারঘাট পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান সুমতি দাস, জিলা পরিষদের সদস্য শুভেন্দু দাস, কুমারঘাট বিএসির চেয়ারম্যান তপনজয় রিয়াং প্রমুখ।